BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২০০ তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ব্যাংকিং ও বৈদেশিক মুদ্রা নীতি বিষয়ে জটিলতা/সমস্যা ও তার সমাধানকল্পে প্রস্তাব প্রেরণ করা প্রসঙ্গে।

সূত্র ঃ বাংলাদেশ ব্যাংক বিষয়ক বিজিএমইএ স্থায়ী কমিটির সিদ্ধান্ত, তারিখঃ ২৫/০৯/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ব্যাংকিং ও বৈদেশিক মুদ্রা নীতি বিষয়ে গত ২৫/৯/২০২৫ ইং তারিখে বাংলাদেশ ব্যাংক বিষয়ক বিজিএমইএ স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়।

সভায় বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং ও বৈদেশিক মুদ্রা নীতি'কে আরও সময়োপযোগী/যুগোপযোগী, যৌক্তিক, বাস্তবসম্মত এবং ব্যবসা বান্ধব করার লক্ষ্যে কমিটি কাজ করার সিদ্ধান্ত গ্রহণপূর্বক বিজিএমইএ'র সদস্য প্রতিষ্ঠানসমূহের আন্তরিক সহযোগিতা কামনা করে।

এ লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং ও বৈদেশিক মুদ্রা নীতি বিষয়ে জটিলতা/সমস্যা ও তার সমাধানকল্পে যৌক্তিক প্রস্তাব (যদি থাকে) প্রতিষ্ঠানের প্যাডে, বিজিএমইএ রেজিস্ট্রেশন নম্বর, কন্টাক্ট পার্সনের নাম-পদবী এবং মোবাইল নম্বরসহ সহজ ভাষায় ( বাংলায়) আগামী ১৫-১০-২০২৫ ইং তারিখের মধ্যে লিখিতভাবে বিজিএমইএ,উত্তরা অফিস'কে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

২৯/৯/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি,সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)


**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org


CamScanner